দৈনিক ইত্তেফাক
0 4 JAN 2015
পৃষ্ঠা ১৬ কলাম ১

# বুয়েটে ৩ দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনার

আগামী সোমবার (৫-৭ জানুয়ারি), সকাল ৯টায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইসিই ভবনে সিএসই বিভাগ কর্তৃক আয়োজিত গ্র্যাজুয়েট লেকচার রুমে ৩ দিনব্যাপী নেট-ওয়ার্কিং সিস্টেম এন্ড সিকিউরিটি শীর্ষক আন্তর্জাতিক সেমিনার শুরু হবে।

উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক-এর ভিসি অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অধ্যাপক ড. মঞ্জুর মোর্শেদ। অনুষ্ঠানে মূল নিবন্ধ উপস্থাপন করবেন যুক্তরাষ্ট্রের ওকলাহোমা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. আতিকুজ্জামান এবং আরো বক্তব্য রাখবেন বুয়েটের অধ্যাপক ড. এম. কায়কোবাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বুয়েটের ভিসি অধ্যাপক খালেদা একরাম।

উক্ত অনুষ্ঠানে অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, কানাডা, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে বিশেষজ্ঞ প্রতিনিধিবৃন্দ উপস্থিত থাকবেন এবং বিভিন্ন টেকনিক্যাল সেশনে নিবন্ধ উপস্থাপন করবেন।